

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.২১.২৯.০০৩.২০১৬-৬২১


তারিখঃ ০১ পৌষ ১৪২৩
১৫ ডিসেম্বর ২০১৬

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরে (জানুয়ারি-জুন/২০১৭) আরপিএটিসি-তে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ পাঠক্রমে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

সূত্র : আরপিএটিসি'র পত্র নং- ০৫.০১.০০০০০.০৬১.১৬.০০৩.০৮-১৪৭৯(৪০০), তারিখ-০৫ ডিসেম্বর, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (আরপিএটিসি), ঢাকা হতে প্রাপ্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত আগ্রহী প্রার্থীদের মনোনয়ন (যদি থাকে) নির্ধারিত তারিখের মধ্যে সরাসরি আরপিএটিসি বরাবর প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোঃ আসাদুজ্জামান)
উপসচিব
ফোন : ৯৫৪০৮৮৫।

[e-mail: dsadmn32014@gmail.com](mailto:dsadmn32014@gmail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৫. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, জয়দেবপুর, গাজীপুর।
৯. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), শেরে বাংলা নগর, ঢাকা।
১০. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১১. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১২. পরিচালক, মুক্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, খামারবাড়ি, সড়ক, ঢাকা।
১৩. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর।

অনুলিপি (সদয় জ্ঞার্থার্থে ও কার্যার্থে):

- ১। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। যুগ্মসচিব প্রশাসন মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।



আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

৪৯ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০

স্মারক নম্বর -০৫.০১.০০০০০.০৬১.১৬.০০৩.০৮-১৪৭৯(৪০০)

তারিখঃ

২১ অগ্রঃ, ১৪২৩ বঃ

০৫ ডিসেঃ, ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ জানুয়ারী - জুন/২০১৬ মেয়াদে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ পাঠক্রম-এর বিবরণী অনুযায়ী প্রশিক্ষার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা কর্তৃক ২০১৬-১৭ অর্থ বৎসরের (জানুয়ারী - জুন) দ্বিতীয় ০৬ মাসে অনুষ্ঠিতব্য বিভিন্ন প্রশিক্ষণ পাঠক্রমে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর থেকে প্রতি কোর্সে ০১ (এক) জন প্রশিক্ষার্থীকে মনোনয়ন প্রদানের জন্য এতদসঙ্গে একটি কোর্স বিবরণী প্রেরণ করা হলো (শুধুমাত্র ঢাকা বিভাগের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের জন্য)। প্রশিক্ষার্থী মনোনয়ন দেয়ার ক্ষেত্রে নিয়োক্ত বিষয়ের প্রতি লক্ষ্য রাখার জন্যও বিশেষভাবে অনুরোধ জ্ঞাপন করা হলো।

- ১। কম্পিউটার পাঠক্রমসহ কোন পাঠক্রমের জন্য প্রশিক্ষণ ফি প্রদান করতে হবে না।
- ২। পূর্বে কোন কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীকে একই কোর্সে পুনরায় মনোনয়ন দেয়া যাবে না।
- ৩। মনোনয়ন পত্রে মনোনয়নপ্রাপ্ত প্রশিক্ষার্থীর টেলিফোনসহ, ফ্যাক্স ও ই-মেইল ঠিকানা (যদি থাকে) তা অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৪। আসন সংখ্যা সীমিত হেতু প্রশিক্ষার্থীর সংখ্যা লক্ষ্যমাত্রার চেয়ে বেশী হলে মনোনয়ন প্রাপ্তির তারিখকে প্রাধান্য দেয়া হবে অথবা আগে আসলে আগে পাবেন ভিত্তিতে নেয়া হবে। তবে একই দপ্তরের একাধিক প্রশিক্ষার্থী এক্ষেত্রে গ্রহণ করা হবে না।
- ৫। মনোনীত প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ আরম্ভ হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট আকারের এক কপি ছবিসহ সকাল ৯.০০ টায় এ কেন্দ্রে (৪৯ নিউ ইস্কাটন, ঢাকা) রিপোর্ট করতে হবে। দৈনিক প্রশিক্ষণকাল হবে সকাল ৯.০০ টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত।
- ৬। প্রশিক্ষণকালীন কোন প্রকার ঐচ্ছিক/নৈমিত্তিক বা খন্ডকালীন ছুটি দেয়া হবে না বিধায় মনোনয়ন দেয়ার ক্ষেত্রে বিষয়টি বিবেচনায় নিয়ে প্রশিক্ষার্থী মনোনয়ন দেয়ার অনুরোধ রইল।
- ৭। প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিকের প্রতি খেয়াল রেখে অপেক্ষাকৃত নবীন কর্মকর্তা/কর্মচারিকে মনোনয়নে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- ৮। এ কেন্দ্রের ডরমিটরীতে থাকার ব্যবস্থা সীমিত।
- ৯। সময়ে সময়ে সরকার কর্তৃক প্রবর্তিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ১০। কোন প্রতিষ্ঠান থেকে কোন কোর্সের জন্য একাধিক সংখ্যক প্রশিক্ষার্থী মনোনয়ন দেয়া হলে সুযোগের সীমাবদ্ধতা থাকায় অন্যান্য প্রতিষ্ঠান থেকে আগত প্রশিক্ষার্থীগণ সুযোগ থেকে বঞ্চিত হতে পারেন। এ অবস্থায় একই কোর্সে একই সঙ্গে একাধিক প্রশিক্ষার্থীকে মনোনয়ন না দেয়ার জন্য পুনঃ বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ অপর পৃষ্ঠায় বর্ণিত কোর্স বিবরণী

(এ,কে,এম, শামীম আজর)
(উপসচিব)

উপ-পরিচালক

টেলিফোন : ৯৩৬১১৫০।

ই-মেইল: rpatcdhaka@yahoo.com

সচিব

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়

ঢাকা-১০০০।

শাখায় প্রাপ্তির তারিখ.....
ডায়েরী নং...৭০২৭.....২২/২২/১৬
উপস্থাপনের তারিখ.....

